

আয়-যুখরুফ | Az-Zukhruf | الْزُّخْرُفُ

আয়াতঃ ৪৩ : ৬১

আরবি মূল আয়াত:

وَإِنَّهُ لَعِلْمٌ لِلسَّاعَةِ فَلَا تَمْتَرُنَ بِهَا وَاتَّبِعُونِ ؟ هَذَا صِرَاطٌ مُسْتَقِيمٌ

(৬১)

A | ✎ অনুবাদসমূহ:

আর নিশ্চয় সে (ঈসা) হবে কিয়ামতের এক সুনিশ্চিত আলামত। সুতরাং তোমরা কিয়ামত সম্পর্কে সংশয় পোষণ করো না। তোমরা আমারই অনুসরণ কর। এটিই সরল পথ। — আল-বায়ান

ঈসা ('র দুনিয়াতে পুনরায় আগমন) কিয়ামতের একটি নিশ্চিত নির্দর্শন। অতএব তোমরা কিয়ামতে সন্দেহ পোষণ করো না আর আমার অনুসরণ কর, এটাই সরল সঠিক পথ। — তাইসিরাল

ঈসাতো কিয়ামাতের নির্দর্শন; সুতরাং তোমরা কিয়ামাতে সন্দেহ পোষণ করনা এবং আমাকে অনুসরণ কর। এটাই সরল পথ। — মুজিবুর রহমান

And indeed, Jesus will be [a sign for] knowledge of the Hour, so be not in doubt of it, and follow Me. This is a straight path. — Sahih International

৬১. আর নিশ্চয় ঈসা কিয়ামতের নিশ্চিত নির্দর্শন; কাজেই তোমরা কিয়ামতে সন্দেহ করো না। আর তোমরা আমারই অনুসরণ কর। এটাই সরল পথ।

-

তাফসীরে জাকারিয়া

(৬১) নিশ্চয় ঈসা কিয়ামতের একটি নির্দর্শন;[1] সুতরাং তোমরা কিয়ামতে অবশ্যই সন্দেহ পোষণ করো না এবং আমার অনুসরণ কর। এটিই সরল পথ।

[1] عَلْمٌ এর অর্থ নির্দর্শন। অধিকাংশ মুফাসসেরের নিকট এর অর্থ হল, কিয়ামতের নিকটতম সময়ে তাঁর আসমান থেকে অবতরণ হবে। এ কথা অনেক সহীহ ও বহুধা সূত্রে বর্ণিত হাদীস দ্বারা প্রমাণিত। আর এই অবতরণ এ কথার নির্দর্শন হবে যে, কিয়ামত অতি নিকটে। এই জন্যই কেউ কেউ এটাকে আ'য়ন এবং লামে যবর দিয়ে (لَمَّا) পড়েছেন। যার অর্থ হয়, নির্দর্শন। আবার কারো নিকট তাঁকে কিয়ামতের নির্দর্শন গণ্য করা হয়েছে তাঁর জন্মের অলৌকিকতার ভিত্তিতে। অর্থাৎ, যেভাবে মহান আল্লাহ তাঁকে বিনা পিতায় সৃষ্টি করেছেন, তাঁর

এই জন্ম প্রমাণ করে যে, আল্লাহ তাআলা কিয়ামতের দিন সমস্ত মানুষকে পুনরায় জীবিত করবেন। সুতরাং আল্লাহর অলৌকিক ক্ষমতার দিকে লক্ষ্য করলে কিয়ামত সংঘটিত হওয়ার ব্যাপারে কোন সন্দেহের অবকাশ থাকে না। হ্যাঁ তে সর্বনাম থেকে উদ্দিষ্ট হলেন ঈসা (আঃ)।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4386>

hadithbd.com